রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, ফেব্রুয়ারি ৯, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধান উপদেষ্টার কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ/ ০৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**এস.আর.ও. নং ৪৭ আইন/২০২৬।**—বৈদেশিক অনুদান (স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন, ২০১৬ (২০১৬ সনের ৪৩ নং আইন) এর ধারা ১৯ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা বৈদেশিক অনুদান (স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন বিধিমালা, ২০২৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় ও প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) ‘**আইন**’ অর্থ বৈদেশিক অনুদান (স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন, ২০১৬ (২০১৬ সনের ৪৩ নং আইন);

(খ) ‘**এনজিও**’ অর্থ আইনে সংজ্ঞায়িত এনজিও;

(গ) ‘**তফসিল**’ অর্থ এই বিধিমালার সহিত সংযুক্ত তফসিল;

(ঘ) ‘**প্রকল্প**’ অর্থ এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক অনুমোদিত প্রকল্প;

(ঙ) ‘**ফরম**’ অর্থ এই বিধিমালার সহিত সংযুক্ত ফরমসমূহ, এফসি ও এফডি ফরম;

(চ) ‘**ব্যুরো**’ অর্থ এনজিও বিষয়ক ব্যুরো; এবং

(ছ) ‘**মহাপরিচালক**’ অর্থ এনজিও বিষয় ব্যুরোর মহাপরিচালক।


মূল্য : টাকা ৭০.০০

(২) এই বিধিমালায় প্রদত্ত হয় নাই এইরূপ ক্ষেত্রে আইনে প্রদত্ত সংজ্ঞা প্রযোজ্য হইবে।

৩। **এনজিও বিষয়ক ব্যুরোর কার্যাবলি।**―এনজিও বিষয়ক ব্যুরো নিম্নবর্ণিত কার্যাবলি সম্পাদন করিবে, যথা:―

(১) বৈদেশিক সাহায্যপুষ্ট বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থাসমূহের নিবন্ধন, নিবন্ধন নবায়ন, নাম পরিবর্তন, গঠনতন্ত্র অনুমোদন এবং নিবন্ধন স্থগিত ও বাতিল;

(২) ব্যক্তি বা এনজিও কর্তৃক দাখিলকৃত বৈদেশিক অনুদানে গৃহীত প্রকল্পসমূহ অনুমোদন ও অর্থছাড়করণ;

(৩) এনজিওসমূহের বিদেশি কর্মকর্তা বা পরামর্শকের নিয়োগপত্র সত্যায়ন, কার্যানুমতি ও মেয়াদ নির্ধারণ;

(৪) এনজিওসমূহের হিসাব নিরীক্ষার জন্য চার্টার্ড একাউন্টেন্ট (সিএ) ফার্ম তালিকাভুক্তকরণ;

(৫) এনজিও কর্তৃক দাখিলকৃত বার্ষিক প্রতিবেদন ও অডিট প্রতিবেদন পরীক্ষণ, মূল্যায়ন ও গ্রহণ;

(৬) ব্যক্তি বা এনজিও কর্তৃক পরিচালিত স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম পরিদর্শন, পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ;

(৭) সরকার কর্তৃক ধার্যকৃত বিভিন্ন ফি ও এর উপর প্রযোজ্য ভ্যাট আদায়;

(৮) অনুমোদিত প্রকল্পসমূহের প্রযোজ্য খাতে সরকার কর্তৃক নির্ধারিত ভ্যাট বা ট্যাক্স কর্তনপূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান নিশ্চিতকরণ;

(৯) সরকারের বিভিন্ন মন্ত্রণালয় বা বিভাগ বা সংস্থা এবং এনজিওসমূহের সাথে যোগাযোগ ও সমন্বয়;

(১০) কোনো এনজিও'র বিরুদ্ধে অভিযোগ প্রাপ্ত হইলে উহার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(১১) প্রাতিষ্ঠানিক সহায়তা তহবিলের ব্যবহার সংক্রান্ত আবেদন পরীক্ষা ও প্রকল্প অনুমোদন;

(১২) সরকার-এনজিও পরামর্শ কাউন্সিল (জিএনসিসি) এর সাচিবিক দায়িত্ব পালন; এবং

(১৩) সময় সময়, সরকার প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

৪। **এনজিও বা সংস্থা কর্তৃক স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম পরিচালনার জন্য নিবন্ধন।**―কোনো এনজিও বা সংস্থা কর্তৃক স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম পরিচালনার জন্য নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিয়া নিবন্ধন করিতে হইবে, যথা:―

(১) কোনো এনজিও বা সংস্থা বৈদেশিক অনুদান গ্রহণক্রমে স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম গ্রহণ করিতে চাহিলে তফসিল-১ এ নির্ধারিত ফি (সময় সময় পরিবর্তনযোগ্য) প্রদান করিয়া তফসিল-২ এ উল্লিখিত কাগজপত্র এবং তথ্যাদিসহ এফডি-১ ফরম অনুসারে মহাপরিচালকের নিকট আবেদন করিবে;

(২) নিবন্ধন আবেদনের সহিত সংযুক্ত বৈদেশিক অনুদানের প্রতিশ্রুতিপত্রে প্রতিশ্রুত বৈদেশিক অনুদানের পরিমাণ অন্যূন ৫০০০ (পাঁচ হাজার) ইউএস ডলার হইতে হইবে;

(৩) সংস্থার নির্বাহী কমিটিতে একই পরিবারের (মা-বাবা, স্বামী-স্ত্রী, আপন ভাই-বোন, সন্তান) একাধিক সদস্য থাকিতে পারিবে না;

(৪) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর সংযুক্ত কাগজপত্র ও তথ্যাদি প্রাথমিকভাবে পরীক্ষা-নিরীক্ষাক্রমে মহাপরিচালকের নিকট সন্তোষজনক প্রতীয়মান হইলে আবেদনটির উপর মতামত প্রদানের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগে উহা প্রেরণ করা হইবে;

(৫) উপ-বিধি (৪) এর অধীন আবেদন প্রাপ্তির পর নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনাপূর্বক স্বরাষ্ট্র মন্ত্রণালয় আবেদনটির উপর মতামত প্রদান করিবে, যথা:—

১. সংস্থা বা সংস্থা সংশ্লিষ্ট ব্যক্তি রাষ্ট্র বা সমাজ বা নৈতিকতা বিরোধী কাজে লিপ্ত কি না এবং সংশ্লিষ্ট ব্যক্তিগণ রাষ্ট্র বা সমাজ বা নৈতিকতা বিরোধী অপরাধের জন্য দণ্ডিত হইয়াছিলেন কি না;

২. সংস্থার নির্বাহী কমিটির সদস্যগণের পরিচিতি, পারস্পরিক সম্পর্ক (একই পরিবারের একাধিক সদস্য আছে কি না) ও উক্ত কমিটির সদস্যগণের সামাজিক অবস্থান;

৩. সমাজকল্যাণমূলক কাজে সংস্থার পূর্ব অভিজ্ঞতা;

৪. সংস্থার নির্দিষ্ট কার্যালয় সম্পর্কিত তথ্য; এবং

৫. বিবেচনাধীন আবেদনকারী এনজিও'র নির্বাহী কমিটির সদস্যদের তথ্য সংগ্রহের জন্য বর্তমান ঠিকানাকে প্রাধান্য দিয়া মতামত সংক্রান্ত কার্যক্রম সম্পাদন;

(৬) উপ-বিধি (৪) এর অধীন আবেদন প্রাপ্তির পর নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনাপূর্বক অর্থ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বিভাগ মতামত প্রদান করিবে, যথা:—

১. সংস্থা বা সংশ্লিষ্ট ব্যক্তি মানি লন্ডারিং বা সন্ত্রাসী কর্মকাণ্ডে অর্থায়ন সংক্রান্ত অপরাধে লিপ্ত কি না বা বাংলাদেশ সরকার বা কোনো আন্তর্জাতিক সংস্থা কর্তৃক অভিযুক্ত বা কালো তালিকাভুক্ত কি না;

২. সংস্থা কর্তৃক পরিচালিত ব্যাংক হিসাব যথাযথভাবে আর্থিক নিয়মাবলি অনুসরণে পরিচালিত হয় কি না; এবং

৩. সংস্থার কোনো সদস্য তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণ খেলাপি ঘোষিত কি না উহার বিস্তারিত বিবরণ;

(৭) স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং অর্থ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বিভাগ উপ-বিধি (১) এর অধীন আবেদনের বিষয়ে অনধিক ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে মতামত প্রদান করিবে তবে ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে মতামত পাওয়া না গেলে সংশ্লিষ্ট বিভাগের কোনো আপত্তি নাই মর্মে গণ্য হইবে;

(৮) স্বরাষ্ট্র মন্ত্রণালয় বা অর্থ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বিভাগ, সংশ্লিষ্ট বিষয়ে কোনো আপত্তি বা পর্যবেক্ষণ থাকিলে উক্ত আপত্তি বা পর্যবেক্ষণের বিষয়ে মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরোকে অবহিত করিবে এবং ব্যুরো সংশ্লিষ্ট সংস্থাকে অবগত করিবে;

(৯) স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং অর্থ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বিভাগ হইতে অনাপত্তি পাওয়া গেলে মহাপরিচালক সংশ্লিষ্ট এনজিও বা সংস্থাকে তফসিল-৪ এ বর্ণিত শর্তে ফরম-১ অনুযায়ী নিবন্ধন সনদ ইস্যু করিবেন;

(১০) বৈদেশিক অনুদান গ্রহণক্রমে স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম পরিচালনার জন্য নিবন্ধন সনদের মেয়াদ হইবে উহা ইস্যুর তারিখ হইতে ১০ (দশ) বৎসর;

(১১) এনজিও বিষয়ক ব্যুরো প্রতিটি এনজিও'র নিবন্ধনের মেয়াদ উল্লেখপূর্বক এনজিও'র তালিকা ওয়েবসাইটে প্রকাশ ও হালনাগাদ করিবে।

৫। **নিবন্ধন নবায়ন।**—(১) সংস্থাকে নিবন্ধন সনদের মেয়াদ অতিক্রান্ত হওয়ার ৬ (ছয়) মাস পূর্বে তফসিল-১ এ উল্লিখিত ফি প্রদানপূর্বক তফসিল-৩ এ উল্লিখিত কাগজপত্রসহ এফডি-৮ ফরম অনুযায়ী নিবন্ধন নবায়নের জন্য মহাপরিচালকের নিকট আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন নির্ধারিত সময়ে নবায়ন আবেদন না করিলে প্রমাণকসহ যৌক্তিক কারণ উল্লেখ করিয়া আবেদন করিতে হইবে।

(৩) নিবন্ধন সনদ নবায়নের আবেদন এবং সংস্থার সর্বশেষ ৫ (পাঁচ) বৎসরের বৈদেশিক অনুদানে পরিচালিত কার্যক্রম সন্তোষজনক বিবেচিত হইলে মহাপরিচালক কর্তৃক ফরম-২ অনুযায়ী নিবন্ধন নবায়ন সনদ ইস্যু করা হইবে।

(৪) নিবন্ধন নবায়নের মেয়াদ ১০ (দশ) বৎসর হইবে।

(৫) এই বিধির অধীন, যৌক্তিক কারণ থাকিলে, বিগত সময় হিসাব করিয়া একাধিক মেয়াদে নবায়ন করা যাইবে।

৬। **এনজিও'র নাম পরিবর্তন।**—(১) এনজিও'র নাম পরিবর্তনের জন্য দেশি এনজিও'র ক্ষেত্রে তফসিল ৫.১ এবং বিদেশি এনজিও'র ক্ষেত্রে তফসিল ৫.২ এ বর্ণিত শর্তাবলি অনুসরণক্রমে তফসিল-১ এ বর্ণিত ফি জমা প্রদানপূর্বক মহাপরিচালক বরাবর আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত আবেদন সন্তোষজনক বিবেচিত হইলে ফরম-৩ অনুযায়ী মহাপরিচালক নাম পরিবর্তন সনদ ইস্যু করিবেন।

৭। **ডুপ্লিকেট নিবন্ধন সনদ।**—(১) ডুপ্লিকেট নিবন্ধন সনদের জন্য তফসিল-৫.৩ এ বর্ণিত শর্তাবলি অনুসরণক্রমে তফসিল-১ এ বর্ণিত ফি জমা প্রদানপূর্বক মহাপরিচালক বরাবর আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত আবেদন সন্তোষজনক বিবেচিত হইলে মহাপরিচালক ডুপ্লিকেট সনদ ইস্যু করিবেন।

৮। **এনজিও'র গঠনতন্ত্র বা নির্বাহী কমিটির পরিবর্তন।**—(১) প্রতিটি এনজিও'র গঠন, লক্ষ্য, উদ্দেশ্য ও পরিচালনা সংক্রান্ত একটি গঠনতন্ত্র থাকিবে এবং উক্ত গঠনতন্ত্রে উহার পরিচালনা পর্ষদ ও সাধারণ পর্ষদের সদস্যদের নাম, পদবি, ঠিকানার উল্লেখ থাকিবে।

(২) ২০১৬ সালের পূর্বে নিবন্ধিত যেই সকল এনজিও'র এনজিও বিষয়ক ব্যুরো ব্যতীত অন্য কোনো সংস্থার নিবন্ধন সনদ নেই, সেই সকল এনজিওসমূহের গঠনতন্ত্র পরিবর্তনের জন্য তফসিল ৫.৪ এবং নির্বাহী কমিটির কোনো সদস্য পরিবর্তনের ক্ষেত্রে তফসিল ৫.৫ এর শর্তাবলী অনুসরণক্রমে তফসিল-১ এ বর্ণিত গঠনতন্ত্র পরিবর্তন ফি জমা প্রদানপূর্বক মহাপরিচালক বরাবর আবেদন করিতে হইবে।

(৩) নির্বাহী কমিটিতে নূতন সদস্য অন্তর্ভুক্ত হইলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত ইনকোয়ারী ফরম-১ এবং-২ অনুযায়ী অর্থ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বিভাগের মতামত গ্রহণ করিতে হইবে।

(৪) উপ-বিধি (২) এ বর্ণিত আবেদন সন্তোষজনক বিবেচিত হইলে মহাপরিচালক গঠনতন্ত্র ও নির্বাহী কমিটির পরিবর্তনের জন্য অনুমোদন প্রদান করিবেন।

**৯। প্রকল্প অনুমোদন, সংশোধন, অর্থছাড়করণ ও প্রশাসনিক ব্যয়, ইত্যাদি।**—(১) এনজিওসমূহ প্রকল্প অনুমোদনের জন্য এফডি-৬ ফরমে মহাপরিচালকের নিকট আবেদন দাখিল করিবে।

(২) উক্ত আবেদন প্রাথমিকভাবে পরীক্ষা করিয়া মহাপরিচালক কর্তৃক সন্তোষজনক বিবেচিত হইলে মতামতের জন্য উহা সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগে প্রেরণ করা হইবে।

(৩) সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগ উপ-বিধি (২) অনুযায়ী চাহিত মতামত ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রেরণ করিবে। এবং নির্ধারিত সময়ের মধ্যে মতামত পাওয়া না গেলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের কোনো আপত্তি নাই মর্মে গণ্য হইবে।

(৪) মন্ত্রণালয় বা বিভাগ হইতে মতামত প্রাপ্তির পর উক্ত মতামতের আলোকে প্রযোজ্য ক্ষেত্রে, ব্যুরো, প্রকল্প প্রস্তাব পরিবর্তন বা সংশোধন করিবার জন্য সংশ্লিষ্ট এনজিওকে পরামর্শ প্রদান করিবে।

(৫) মন্ত্রণালয় বা বিভাগের মতামত অগ্রহণযোগ্য প্রতীয়মান হইলে ব্যুরো উক্ত বিষয়ে সিদ্ধান্ত বা মতামত প্রদানের জন্য প্রধানমন্ত্রী বা প্রধান উপদেষ্টার কার্যালয়ে প্রেরণ করিবে এবং প্রধানমন্ত্রী বা প্রধান উপদেষ্টার কার্যালয়ের সিদ্ধান্ত অনুযায়ী ব্যুরো পরবর্তী ব্যবস্থা গ্রহণ করিবে।

(৬) মন্ত্রণালয় বা বিভাগ এর মতামত এবং ক্ষেত্রমত, প্রধানমন্ত্রী বা প্রধান উপদেষ্টার কার্যালয়ের সিদ্ধান্ত প্রাপ্তির পর মহাপরিচালক উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত আবেদন নিষ্পত্তি করিবেন।

(৭) প্রত্যেকটি এনজিও'র একটি মূল একাউন্ট (মাদার একাউন্ট) থাকিবে এবং উক্ত মাদার একাউন্টের মাধ্যমে সংস্থার সমুদয় বৈদেশিক অনুদানের অর্থ গ্রহণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, এফডি-৬ এর ক্ষেত্রে প্রতিটি প্রকল্পের বিপরীতে পৃথক 'প্রকল্প হিসাব' খুলিয়া মাদার একাউন্ট হইতে সংশ্লিষ্ট প্রকল্পের সমুদয় অর্থ উক্ত হিসাবে স্থানান্তর করিয়া ব্যয় নির্বাহ করিতে হইবে।

(৮) যৌক্তিক কারণে মাদার একাউন্ট পরিবর্তনের ক্ষেত্রে আবশ্যিকভাবে ব্যুরোর পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে।

(৯) প্রকল্পের মেয়াদ একবর্ষী বা বহুবর্ষী হইতে পারে এবং একবর্ষী প্রকল্পের মেয়াদ ১(এক) বৎসর বা ইহার অনধিক যে কোনো মেয়াদী হইতে পারে তবে বহুবর্ষী প্রকল্পের মেয়াদ ৫(পাঁচ) বৎসরের অধিক হইবে না।

(১০) একবর্ষী প্রকল্পের ক্ষেত্রে প্রথম কিস্তিতে মোট বাজেটের ১০০% (শতকরা একশত ভাগ) অর্থছাড় করা যাইবে:

তবে শর্ত থাকে যে, এইরূপ প্রকল্প প্রস্তাব দাখিলের সময় সংস্থা কর্তৃক বাস্তবায়িত সর্বশেষ প্রকল্পের সমাপনী প্রতিবেদন ও স্থানীয় প্রশাসনের প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে এবং প্রকল্প সমাপ্তির ৩ (তিন) মাসের মধ্যে অবশ্যই অডিট রিপোর্ট দাখিল করিতে হইবে।

(১১) বহুবর্ষী প্রকল্পের ক্ষেত্রে প্রথম বর্ষের বৈদেশিক অনুদানের সমুদয় অর্থছাড়ের জন্য ব্যুরো, আদেশ জারিপূর্বক উহার অনুলিপি অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ ফাইনান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ), সংস্থার মাদার একাউন্ট পরিচালনাকারী ব্যাংক, সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগসমূহ, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রেরণ করিবে।

(১২) বহুবর্ষী প্রকল্পের ক্ষেত্রে পরবর্তী প্রকল্প বর্ষ বা বর্ষসমূহের অনুমোদিত বাজেটের প্রথমার্ধের বা প্রথম ধাপের ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) অর্থছাড়ের জন্য এফডি-২ ফরম, এফডি-৩ ফরম এবং বিগত বৎসরের অগ্রগতি প্রতিবেদনসহ মহাপরিচালকের নিকট আবেদন করিতে হইবে।

(১৩) উপবিধি-১২ অনুযায়ী দাখিলকৃত আবেদনের তথ্যাদি ব্যুরোর নিকট সন্তোষজনক প্রতীয়মান হইলে ব্যুরো চাহিত অর্থছাড়ের আদেশ জারি করিবে। উল্লেখ্য যে, সংশ্লিষ্ট এনজিওকে কারণ দর্শানো ব্যতিরেকে অর্থছাড় বন্ধ করা যাইবে না।

(১৪) বহুবর্ষী প্রকল্পের দ্বিতীয় ধাপ হইতে পরবর্তী প্রকল্প বর্ষের অবশিষ্ট ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) অর্থছাড়ের জন্য ফরম-৫ অনুযায়ী পূর্ববর্তী বর্ষের বার্ষিক প্রতিবেদন, ফরম-৭ অনুযায়ী জেলা প্রশাসক বা ক্ষেত্রমত, উপজেলা নির্বাহী অফিসারের প্রত্যয়নপত্র, অডিট রিপোর্ট গ্রহণপত্র দাখিল করিতে হইবে এবং দাখিলকৃত তথ্যাদি যাচাইয়ান্তে সন্তোষজনক বিবেচিত হইলে অবশিষ্ট অর্থছাড়ের আদেশ জারি করা হইবে।

(১৫) ব্যুরো বৈদেশিক অনুদানের সমুদয় অর্থ দেশীয় মুদ্রায় অনুমোদন করিবে:

তবে শর্ত থাকে যে, প্রতিশ্রুত বৈদেশিক মুদ্রার বিনিময় হারের হ্রাস-বৃদ্ধির কারণে বা ব্যাংক কর্তৃক সুদ বা মুনাফা প্রদত্ত হইলে বা প্রতিশ্রুত অর্থের অধিক পাওয়া গেলে সংস্থাকে ব্যুরো হইতে উক্ত অর্থ ব্যয়ের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে।

(১৬) অনুমোদিত প্রকল্পের কর্ম এলাকা, প্রকল্পের মেয়াদকাল, বাজেট পরিবর্তনের প্রয়োজন হইলে অনুমোদিত প্রকল্প সময়সীমার মধ্যে দাতা বা দাতা সংস্থার অনাপত্তি সাপেক্ষে ব্যুরো হইতে অনুমোদন গ্রহণ করিতে হইবে।

(১৭) দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী জরুরি ত্রাণ কর্মসূচি পরিচালনা করিতে উদ্যোগী ব্যক্তি বা এনজিওসমূহ এফডি-৭ ফরম অনুযায়ী প্রকল্প প্রস্তাব অনুমোদন ও বৈদেশিক অনুদান অবমুক্তির জন্য মহাপরিচালক বরাবর আবেদন দাখিল করিবে।

(১৮) উপ-বিধি (১৭) এর অধীন আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট তথ্যাদিসহ আবেদনটি যথাযথ বিবেচিত হইলে মহাপরিচালক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে প্রকল্প প্রস্তাব অনুমোদন ও বৈদেশিক অনুদান অবমুক্তির আদেশ জারি করিবে এবং উহার অনুলিপি অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক এবং আবেদনকারীর মাদার একাউন্ট সংশ্লিষ্ট ব্যাংক, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও সংস্থার নিকট প্রেরণ করিবে এবং প্রকল্প সমাপ্তির অনধিক ৩ (তিন) মাসের মধ্যে ব্যুরোর নিকট অডিট রিপোর্ট, সমাপনী প্রতিবেদন ও স্থানীয় প্রশাসনের প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে।

(১৯) বিদেশি এনজিও সরাসরি প্রকল্প বাস্তবায়ন না করিয়া বিভিন্ন দেশি এনজিওকে অনুদান প্রদানের ক্ষেত্রে উক্ত বিদেশি এনজিও'র প্রশাসনিক ব্যয় বৈদেশিক অনুদানে নির্বাহের জন্য এফডি-৬ ফরমে প্রকল্প প্রস্তুতপূর্বক অর্থছাড়ের উদ্দেশে এফডি-২ ফরমের ৩টি অনুলিপিসহ অনুমোদনের জন্য আবেদন ব্যুরোতে দাখিল করিতে হইবে এবং উক্ত আবেদন যথাযথ বিবেচিত হইলে মহাপরিচালক প্রকল্প অনুমোদন ও অর্থছাড়ের আদেশ জারি করিবেন।

(২০) কোনো প্রকল্পের অনুমোদিত ব্যয়ের অনধিক ২০% (শতকরা বিশ ভাগ) অর্থ প্রশাসনিক খাতে ব্যয় করা যাইবে তবে আবশ্যিকভাবে প্রশাসনিক ব্যয়ের সুনির্দিষ্ট ব্যয় বিভাজন দাখিল করিতে হইবে এবং প্রশাসনিক ব্যয়ের অন্তর্ভুক্ত কোনো খাতের ব্যয়কে প্রকল্প ব্যয় হিসাবে প্রদর্শন করা যাইবে না।

(২১) কোনো এনজিও কর্তৃক বৎসরে ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত বৈদেশিক অনুদান গ্রহণের ক্ষেত্রে ব্যুরোর অনুমোদনের প্রয়োজন হইবে না তবে, এইরূপ গৃহীত বৈদেশিক অনুদান ব্যবহারের ক্ষেত্রে নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:—

(ক) উক্ত অর্থ মাদার একাউন্টে গৃহীত হইবার পূর্বে ফরম-৯ অনুযায়ী প্রকল্পের সকল কর্ম ও এলাকার বিষয়ে ব্যুরোকে অবহিত করিতে হইবে;

(খ) উক্ত বৈদেশিক অনুদান ব্যবহারের ক্ষেত্রে অনুদান মাদার একাউন্টে গ্রহণের ২ (দুই) মাসের মধ্যে বিধি-১০ এ বর্ণিত প্রকল্পের ধরন অনুযায়ী প্রকল্প গ্রহণ করিতে হইবে এবং উক্ত প্রকল্প মন্ত্রণালয়ের মতামত গ্রহণ ব্যতীত মহাপরিচালক অনুমোদন করিবেন তবে পার্বত্য চট্টগ্রাম এলাকার এইরূপ প্রকল্প অনুমোদন ও অর্থছাড়ের ক্ষেত্রে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের মতামত গ্রহণের প্রয়োজন হইবে; এবং

(গ) প্রকল্প সমাপ্তির পর ৩ (তিন) মাসের মধ্যে ব্যুরো কর্তৃক তালিকাভুক্ত নিরীক্ষক ফার্ম দ্বারা প্রস্তুতকৃত নিরীক্ষা প্রতিবেদন ব্যুরোতে প্রেরণ করিতে হইবে।

(২২) এককালীন বৈদেশিক অনুদান গ্রহণ ও উহার ব্যবহারের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:—

(ক) বৈদেশিক অনুদান হিসাবে নগদ অর্থ বা কোনো সামগ্রী গ্রহণ ও বিতরণ উভয় ক্ষেত্রে এফসি-১ এবং এফডি-২ ফরমে আবেদনপূর্বক ব্যুরোর পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে;

(খ) ব্যক্তি কর্তৃক স্বেচ্ছাসেবামূলক কর্মকাণ্ডের জন্য বৈদেশিক অনুদান গ্রহণের ক্ষেত্রে এফসি-২ এবং এফডি-২ ফরমে মহাপরিচালকের নিকট আবেদন দাখিল করিতে হইবে;

(গ) এনজিও'র ক্ষেত্রে উক্তরূপ আবেদন প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ব্যুরো সিদ্ধান্ত প্রদান করিবে এবং প্রকল্প অনুমোদিত হইলে অনুদান অবমুক্তির আদেশের অনুলিপি স্বরাষ্ট্র মন্ত্রণালয় , অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বাংলাদেশ ব্যাংক ও সংশ্লিষ্ট সংস্থা বা ব্যক্তিকে প্রদান করা হইবে।

(ঘ) আবেদনকারী কোনো ব্যক্তি হইলে, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগের মতামত গ্রহণ করিতে হইবে এবং মতামত গ্রহণের লক্ষ্যে ব্যুরো হইতে প্রেরিত পত্র গৃহীত হইবার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে মতামত পাওয়া না গেলে উক্ত মন্ত্রণালয় বা বিভাগের কোনো আপত্তি নেই মর্মে গণ্য হইবে।

(ঙ) বৈদেশিক অনুদানগ্রহণকারীকে অনুদান ব্যবহারের অনধিক ৩ (তিন) মাসের মধ্যে ব্যুরোর নিকট সমাপনী প্রতিবেদন, অডিট রিপোর্ট ও স্থানীয় প্রশাসনের প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে।

(২৩) সকল প্রকল্পের ক্ষেত্রে বৈদেশিক অনুদান ব্যবহারকারীকে, জাতীয় রাজস্ব বোর্ডের নীতিমালা অনুযায়ী প্রযোজ্য খাতে আয়কর, ভ্যাট ও ট্যাক্স কর্তনপূর্বক সরকারি কোষাগারে জমাপ্রদান নিশ্চিত করিতে হইবে।

(২৪) রাঙামাটি, খাগড়াছড়ি এবং বান্দরবান পার্বত্য জেলার ক্ষেত্রে কোনো প্রকল্প অনুমোদনের বিষয়ে ব্যুরোকে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের নিকট হইতে মতামত গ্রহণ করিতে হইবে।

(২৫) অনুমোদিত প্রকল্পের মূল কপি, সারসংক্ষেপ (বাজেট, সংলগ্নীসহ) আবশ্যিকভাবে ইংরেজীর পাশাপাশি বাংলায় স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশসহ এবং এফডি-৬ এর সংলগ্নী 'ঘ' অনুযায়ী সকল তথ্য প্রকল্প এলাকায় সাইন বোর্ডে দৃশ্যমান স্থানে প্রদর্শন করিতে হইবে।

(২৬) এনজিওসমূহকে নিম্নবর্ণিত বিষয়সমূহ প্রতিপালন করিতে হইবে, যথা:—

(ক) উপজাতীয় ও অ-উপজাতীয় বাসিন্দাদের সম্প্রীতিতে বিঘ্ন ঘটাইতে পারে এইরূপ কোনো কার্যক্রম গ্রহণ করা যাইবে না;

(খ) ধর্মীয় অনুভূতি বিরোধী কর্মকান্ড পরিচালনা এবং ধর্মান্তরিত করা সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করা যাইবে না;

(গ) সাম্প্রদায়িক বিষয়কে উৎসাহিত করে এইরূপ কোনো উস্কানীমূলক কর্মকান্ডে সংশ্লিষ্ট হওয়া যাইবে না;

(ঘ) জাতীয় বা আঞ্চলিক নিরাপত্তাকে বিঘ্নিত করে এইরূপ কোনো কাজ করা যাইবে না;

(ঙ) প্রত্যক্ষ বা পরোক্ষভাবে এইরূপ কোনো কর্মকান্ডে জড়িত হওয়া যাইবে না, যাহা উক্ত এলাকার অধিবাসীদের বিচ্ছিন্নতাবাদ বা গোষ্ঠিগত আন্দোলনকে উৎসাহিত করিতে পারে;

(চ) প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোনো রাজনৈতিক কর্মকান্ডে সম্পৃক্ত হওয়া যাইবে না;

(ছ) দেশি বা বিদেশি বিচ্ছিন্নতাবাদী কোনো ব্যক্তি বা সংগঠন বা রাজনৈতিক দলের সহিত সংশ্লিষ্ট থাকিয়া কোনো উস্কানিমূলক কর্মকান্ড পরিচালনা করা যাইবে না।

(২৭) পূর্ণাঙ্গ প্রকল্প প্রস্তাব ব্যুরোতে প্রাপ্তির তারিখ হইতে চূড়ান্ত অনুমোদন পর্যন্ত সমুদয় কার্যক্রম ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে সম্পন্ন করিতে হইবে।

(২৮) গুরুত্ব বিবেচনাপূর্বক ৫ (পাঁচ) বৎসরের অধিক মেয়াদী কোনো প্রকল্পের বিষয়ে প্রধানমন্ত্রী বা প্রধান উপদেষ্টার কার্যালয়ের সম্মতি গ্রহণ সাপেক্ষে সিদ্ধান্ত গ্রহণ করিতে হইবে।

(২৯) প্রকল্প অনুমোদনের পরবর্তী ধাপসমূহ হইবে নিম্নরূপ, যথা:—

(ক) প্রকল্প প্রস্তাব অনুমোদনের পরে বাস্তবায়নকারী এনজিও প্রকল্পের অনুমোদনপত্র ও প্রকল্প প্রস্তাবের কপি স্থানীয় প্রশাসনিক দপ্তরে দাখিলপূর্বক বাস্তবায়ন কার্যক্রম আরম্ভ করিবে এবং জমা প্রদানের প্রমাণক ব্যুরোতে দাখিল করিতে হইবে।

(খ) প্রকল্প সম্পন্ন হওয়ার ১ (এক) মাসের মধ্যে প্রত্যয়নপত্র চাহিবার আবেদন, সংশ্লিষ্ট স্থানীয় প্রশাসনিক দপ্তরে দাখিলপূর্বক উহার প্রমাণক ব্যুরোতে দাখিল করিতে হইবে।

(গ) আবেদন প্রাপ্তির ২০ (বিশ) দিনের মধ্যে প্রকল্প বাস্তবায়ন বিষয়ে নিশ্চিত হইয়া ফরম-৭ অনুযায়ী স্থানীয় প্রশাসন প্রত্যয়নপত্র ইস্যু করিবে অন্যথায় আপত্তি নাই মর্মে এনজিও বিষয়ক ব্যুরো পরবর্তী কার্যক্রম গ্রহণ করিতে পারিবে।

(ঘ) জেলা প্রশাসক বা উপজেলা নির্বাহী অফিসার তাহার মনোনীত কর্মকর্তার মাধ্যমে পরিদর্শনপূর্বক বা সংশ্লিষ্ট সরকারি দপ্তরের মতামত গ্রহণপূর্বক প্রত্যয়নপত্র ইস্যু করিবেন; এবং

(ঙ) জেলা প্রশাসক বা উপজেলা নির্বাহী অফিসার নিজ কার্যালয়ে, প্রত্যেকটি এনজিও সম্পর্কে একটি নথি খুলিয়া উহাদের কার্যক্রম সম্পর্কিত তথ্যাদি রেকর্ড ও সংরক্ষণ করিবেন।

১০। **প্রাতিষ্ঠানিক সহায়তা তহবিল বিনিয়োগ ও ব্যবহার।**—(১) প্রাতিষ্ঠানিক সহায়তা তহবিল হিসেবে প্রাপ্ত অনুদান ট্রেজারি বন্ড, সরকারি সঞ্চয়পত্র অথবা সরকার কর্তৃক নিশ্চয়তাপ্রাপ্ত অন্য যে কোনো নিরাপদ খাতে বিনিয়োগ করা যাইবে এবং এই খাতে অর্জিত মুনাফাও বৈদেশিক অনুদান হিসেবে বিবেচিত হইবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত তহবিল বৃহত্তর জনস্বার্থে জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় সহায়ক প্রকল্পের মাধ্যমে বাস্তবায়ন করিতে হইবে।

(৩) দাতা সংস্থার পূর্বানুমোদন সাপেক্ষে, প্রাতিষ্ঠানিক সহায়তা তহবিলের অর্থ নিম্নবর্ণিত পদ্ধতিতে ব্যবস্থাপনা ও ব্যবহার করিতে হইবে, যথা:—

(ক) উক্ত তহবিল সর্বোচ্চ ১৫ (পনের) বৎসরের মধ্যে এক বা একাধিক এফডি-৬ প্রকল্প আকারে ব্যয় করিতে হইবে;

(খ) নির্ধারিত মেয়াদ সমাপ্ত হইবার পর তহবিলের সাফল্য, অর্জন ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনার বাস্তবতা পর্যালোচনা করিয়া মহাপরিচালক একই পদ্ধতি অনুসরণপূর্বক সর্বোচ্চ অতিরিক্ত ৫ (পাঁচ) বৎসর মেয়াদ সম্প্রসারণ করিতে পারিবেন।

১১। **এনজিও কর্তৃক অন্য কোনো এনজিও বা সংস্থাকে সহায়তা প্রদান।**—এই আইনের অধীন নিবন্ধিত কোনো এনজিও সংগৃহীত বৈদেশিক অনুদান হইতে, স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম পরিচালনার জন্য যে কোনো বাংলাদেশী বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থাকে নিম্নবর্ণিত শর্তে সহায়তা প্রদান করিতে পারিবে, যথা:—

(ক) সহায়তা গ্রহণকারী বাংলাদেশের প্রচলিত আইনের অধীন নিবন্ধিত সংস্থা হইতে হইবে;

(খ) কোনো এনজিও কর্তৃক অন্য কোনো এনজিও বা সংস্থাকে কোনো প্রকল্পের জন্য অনুদান বা আর্থিক সহায়তা প্রদান করিবার ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রকল্পের কার্যক্রমের বিস্তারিত বিবরণ ও অর্থ ব্যয়ের রূপরেখা এফডি-৬ এর সংলগ্নী-'ক' অনুযায়ী ব্যুরোতে দাখিল করিতে হইবে; এবং

(গ) প্রকল্প অনুমোদনের শর্ত মোতাবেক প্রকল্প বাস্তবায়নের বিষয়ে সহায়তা প্রদানকারী সংস্থা যথাযথ নিশ্চয়তা প্রদান করিবে।

**১২। বিদেশি বিশেষজ্ঞ, উপদেষ্টা, কর্মকর্তা, স্বেচ্ছাসেবী নিয়োগ ও তাহাদের বিদেশ ভ্রমণ।**—(১) কোনো অনুমোদিত প্রকল্পে বিদেশি বিশেষজ্ঞ, উপদেষ্টা, কর্মকর্তা বা স্বেচ্ছাসেবী নিয়োগের সংস্থান থাকিলে তাহাদের নিয়োগ, নিয়োগের মেয়াদ বৃদ্ধি এবং ভিসা প্রাপ্তির লক্ষ্যে চাকরির নিয়োগপত্র সত্যায়নের জন্য এফডি-৯ অনুযায়ী মহাপরিচালকের নিকট আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর উহা যথাযথ বিবেচিত হইলে মহাপরিচালক নিয়োগপত্র অনুমোদন ও সত্যায়ন সহ সংশ্লিষ্ট সংস্থা বা এনজিওকে পত্র প্রদান করিবে।

(৩) বিদেশি বিশেষজ্ঞ, উপদেষ্টা, কর্মকর্তা বা স্বেচ্ছাসেবী-কে বাংলাদেশে কর্মে যোগদানের ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে কার্যানুমতির জন্য এফডি-৯(১)অনুযায়ী মহাপরিচালকের নিকট আবেদন করিতে হইবে।

(৪) মহাপরিচালক উপ-বিধি (৩) এর অধীন প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তির পর নির্ধারিত এনজিও ব্যতীত অন্য কোনো সংস্থা বা এনজিওতে কাজ না করিবার শর্তে তাহাদের কার্যানুমতি প্রদান করিবে এবং কার্যানুমতির মেয়াদ অনুমোদিত প্রকল্পের সময়সীমার মধ্যে সীমাবদ্ধ রাখিতে হইবে।

(৫) বিদেশি বিশেষজ্ঞ, উপদেষ্টা, কর্মকর্তা বা স্বেচ্ছাসেবীকে প্রতিবার বাংলাদেশে আগমন ও প্রত্যাবর্তনের তথ্য ৭ (সাত) কার্যদিবসের মধ্যে ব্যুরোকে ফরম-৬ অনুযায়ী অবহিত করিতে হইবে।

(৬) কোনো প্রকল্পে মোট জনবলের ৫% (শতকরা পাঁচ ভাগ) এর বেশি বিদেশি বিশেষজ্ঞ, উপদেষ্টা, স্বেচ্ছাসেবী বা কর্মকর্তা নিয়োগ দেওয়া যাইবে না তবে কারিগরি সহায়তা প্রদান প্রকল্পের ক্ষেত্রে এই হার ১০% (শতকরা দশ ভাগ) পর্যন্ত বিবেচনাযোগ্য হইবে।

(৭) এনজিওসমূহ বিদেশি বিশেষজ্ঞ, উপদেষ্টা, এবং কর্মকর্তাসহ জনবল নিয়োগ এবং চাকুরিচ্যুতির ক্ষেত্রে বাংলাদেশের প্রচলিত বিধি-বিধানের সহিত সামঞ্জস্য বিধান করিয়া যথাযথ তদন্ত, কারণ দর্শানো এবং আত্মপক্ষ সমর্থনের সুযোগ সংবলিত নিজস্ব মানবসম্পদ ব্যবস্থাপনা নীতিমালা প্রণয়ন করিবে।

(৮) নিয়োগকারী এনজিও কর্তৃক নিয়োগকৃত বিদেশি বিশেষজ্ঞকে প্রদত্ত সকল বেতন ও ভাতার উপর জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত হারে আয়কর কর্তনপূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান নিশ্চিত করিতে হইবে।

১৩। **প্রকল্পের অর্থে বিদেশ ভ্রমণ।**—প্রকল্পে নিয়োজিত কোনো ব্যক্তি বা প্রকল্প কার্যক্রম ব্যবস্থাপনা বা তত্ত্বাবধানের সহিত সংশ্লিষ্ট কোনো কর্মকর্তা, উক্ত প্রকল্পের অনুমোদিত অর্থে প্রকল্প-বিষয়ক কোনো কর্মে বিদেশ ভ্রমণ করিলে, ভ্রমন সমাপ্ত হইবার ৭ (সাত) দিনের মধ্যে তাহাকে অর্জিত কর্ম অভিজ্ঞতার বিস্তারিত বিবরণ সংবলিত প্রতিবেদন ব্যুরোতে দাখিল করিতে হইবে এবং সংশ্লিষ্ট এনজিও'র বাৎসরিক প্রতিবেদনে এইরূপ ভ্রমণের বিবরণ লিপিবদ্ধ রাখিতে হইবে।

১৪। **পরিদর্শন ও পর্যবেক্ষণ।—(১)** মহাপরিচালক বৈদেশিক অনুদানে পরিচালিত প্রকল্পসমূহ পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ এবং পরিদর্শনে প্রাপ্ত সুপারিশের আলোকে সংস্কার বিষয়ে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিবে।

(২) উপ-বিধি (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, ব্যুরো মনিটরিং কমিটি গঠন করিতে পারিবে এবং উক্ত মনিটরিং কমিটিতে সংশ্লিষ্ট এনজিও'র একজন প্রতিনিধি অন্তর্ভুক্ত থাকিবে ও প্রয়োজনবোধে, এই কমিটিতে বহিঃপর্যবেক্ষণকারী নিয়োগ করা যাইবে।

(৩) বহিঃপর্যবেক্ষণকারীর ব্যয়ভার ব্যুরোর নিজস্ব তহবিল হইতে বহন করা হইবে।

(৪) বহিঃপর্যবেক্ষণকারীর কার্যক্রম সন্তোষজনক বিবেচিত না হইলে মহাপরিচালক উক্ত বহিঃপর্যবেক্ষণকারীকে অর্পিত দায়িত্ব হইতে অব্যাহতি প্রদান করিবেন।

(৫) উপ-বিধি (৪) এর অধীন অব্যাহতিপ্রাপ্ত বহিঃপর্যবেক্ষণকারী পরবর্তী ৫ (পাঁচ) বৎসরের জন্য ব্যুরোর সকল ধরনের কার্যক্রমে অংশগ্রহণের ক্ষেত্রে অযোগ্য মর্মে বিবেচিত হইবে।

(৬) বিভাগীয় কমিশনার নিজ এখতিয়ারাধীন এলাকায় কর্মরত এনজিওসমূহের কার্যক্রম পর্যবেক্ষণ ও সমন্বয় করিবেন এবং বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভায় বিভাগের এনজিওসমূহের কর্মকান্ড পর্যালোচনা করিবেন এবং প্রযোজ্য ক্ষেত্রে, পর্যবেক্ষণ ও সুপারিশ ব্যুরোকে অবহিত করিবেন।

(৭) পার্বত্য জেলা ব্যতীত, অন্যান্য জেলার ক্ষেত্রে, জেলা প্রশাসকগণ এনজিও বিষয়ক ব্যুরো'র পক্ষে নিজ নিজ এলাকার এনজিওসমূহের কার্যক্রম পর্যবেক্ষণের দায়িত্ব পালন করিবেন।

(৮) মাসিক এনজিও সমন্বয় সভায়, নিম্নবর্ণিত সদস্যগণ সমন্বয়ে গঠিত কমিটি, এনজিওসমূহের বৈদেশিক অনুদানে পরিচালিত কার্যক্রম পর্যালোচনা করিবে এবং প্রয়োজনে মতামত বা সুপারিশ ব্যুরো বরাবর প্রেরণ করিবে, যথা:—

| | | |
|---|---|---|
| (১) | জেলা প্রশাসক | - সভাপতি |
| (২) | পুলিশ সুপার | - সহ-সভাপতি |
| (৩) | সিভিল সার্জন | - সদস্য |
| (৪) | উপজেলা চেয়ারম্যান (সকল) | - সদস্য |
| (৫) | অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক/শিক্ষা) | - সদস্য |
| (৬) | উপজেলা নির্বাহী অফিসার (সকল) | - সদস্য |
| (৭) | জেলা মৎস্য কর্মকর্তা | - সদস্য |
| (৮) | জেলা প্রাণী সম্পদ কর্মকর্তা | - সদস্য |
| (৯) | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | - সদস্য |
| (১০) | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | - সদস্য |
| (১১) | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর | - সদস্য |
| (১২) | উপপরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর | - সদস্য |
| (১৩) | উপপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর | - সদস্য |
| (১৪) | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | - সদস্য |
| (১৫) | উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | - সদস্য |
| (১৬) | জেলা সমবায় কর্মকর্তা | - সদস্য |
| (১৭) | জেলা শিক্ষা অফিসার | - সদস্য |
| (১৮) | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | - সদস্য |
| (১৯) | জেলা ত্রাণ ও পুনর্বাসন অফিসার | - সদস্য |
| (২০) | উপ/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | - সদস্য |
| (২১) | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | - সদস্য |
| (২২) | চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা | - সদস্য |
| (২৩) | এনজিও বিষয়ক ব্যুরোর নিবন্ধিত সকল এনজিও বা সংস্থার একজন করে প্রতিনিধি | - সদস্য |
| (২৪) | সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার (এনজিও সেল) | - সদস্য সচিব। |

(৯) ৩ (তিন) পার্বত্য জেলার জেলা প্রশাসকগণও আইনের ধারা ১০ এর দফা (৫) মোতাবেক নিজের অধিক্ষেত্রভুক্ত এনজিওসমূহের কার্যক্রম যথাযথভাবে পরিদর্শন,পর্যবেক্ষণ ও সুপারিশ প্রদান করিবেন।

(১০) পার্বত্য চট্টগ্রাম এলাকায় পরিচালিত এনজিওসমূহের কার্যক্রম তত্ত্বাবধান ও মূল্যায়নের জন্য জেলা পর্যায়ে নিম্নবর্ণিত সদস্যগণ সমন্বয়ে গঠিত একটি কমিটি থাকিবে এবং যথা:—

| | | | |
|---|---|---|---|
| ১. | চেয়ারম্যান, সংশ্লিষ্ট পার্বত্য জেলা পরিষদ | - | আহবায়ক |
| ২. | সংশ্লিষ্ট জেলা প্রশাসকের প্রতিনিধি (অতিরিক্ত জেলা প্রশাসক) | - | সদস্য-সচিব |
| ৩. | পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৪. | সংশ্লিষ্ট জেলার সমাজসেবা অধিদপ্তরের উপপরিচালক | - | সদস্য |
| ৫. | সংশ্লিষ্ট সরকারি অধিদপ্তরের জেলা পর্যায়ের কর্মকর্তা | - | সদস্য |
| ৬. | জেলায় কর্মরত সকল এনজিও'র একজন করে প্রতিনিধি | - | সদস্য |
| ৭. | উপ/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | - | সদস্য |
| ৮. | সংশ্লিষ্ট এলাকার সার্কেল চীফ অথবা তার প্রতিনিধি | - | সদস্য। |

(১১) উপ-বিধি (১০) এর অধীন গঠিত কমিটি প্রতি ৪ (চার) মাসে অন্যূন ১ (এক)টি সভা অনুষ্ঠানের মাধ্যমে এনজিওসমূহের কার্যক্রম পর্যালোচনা ও সমন্বয় করিবে।

(১২) পার্বত্য জেলা ব্যতীত, অন্যান্য জেলার ক্ষেত্রে, উপজেলা নির্বাহী অফিসারগণ নিজ নিজ এলাকার এনজিওসমূহের কার্যক্রম পর্যবেক্ষণ করিবে এবং সংশ্লিষ্ট উপজেলা পরিষদ চেয়ারম্যান এই কমিটির উপদেষ্টা হিসাবে থাকিবেন।

(১৩) নিম্নবর্ণিত সদস্যগণ সমন্বয়ে গঠিত কমিটি মাসিক এনজিও সমন্বয় সভায় এনজিওসমূহের বৈদেশিক অনুদানে পরিচালিত কার্যক্রম পর্যালোচনা ও সুপারিশ করিবে, যথা:—

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | - সভাপতি |
| ২. | সহকারী কমিশনার (ভূমি) | - সদস্য |
| ৩. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - সদস্য |
| ৪. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - সদস্য |
| ৫. | উপজেলা কৃষি অফিসার | - সদস্য |
| ৬. | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা | - সদস্য |
| ৭. | উপজেলা প্রকৌশলী | - সদস্য |
| ৮. | উপজেলা মৎস্য কর্মকর্তা | - সদস্য |

| | | |
|---|---|---|
| ৯. | অফিসার ইনচার্জ | - সদস্য |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | - সদস্য |
| ১১. | উপজেলা শিক্ষা অফিসার | - সদস্য |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | - সদস্য |
| ১৩. | উপজেলা সমবায় কর্মকর্তা | - সদস্য |
| ১৪. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | - সদস্য |
| ১৫. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | - সদস্য |
| ১৬. | উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা | - সদস্য |
| ১৭. | উপজেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কর্মকর্তা | - সদস্য |
| ১৮. | উপজেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা | - সদস্য |
| ১৯. | উপজেলার সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান | - সদস্য |
| ২০. | এনজিও প্রতিনিধি (সকল) | - সদস্য |
| ২১. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - সদস্য-সচিব। |

(১৪) ৩ (তিন) পার্বত্য জেলার উপজেলা নির্বাহী অফিসারগণও আইনের ধারা ১০ এর দফা (৫) মোতাবেক নিজ অধিক্ষেত্রভুক্ত এনজিওসমূহের কার্যক্রম যথাযথভাবে পরিদর্শন,পর্যবেক্ষণ ও সুপারিশ প্রদান করিবেন।

(১৫) পরিদর্শন ও পর্যবেক্ষণের সময় প্রত্যেক এনজিও চাহিদা অনুযায়ী সংশ্লিষ্ট বিবরণী, হিসাব বহি, দলিলাদি ও তথ্যাবলি সরবরাহ করিবে।

(১৬) এনজিওসমূহ ফরম-৪ অনুযায়ী তাহাদের কার্যক্রমের মাসিক প্রতিবেদন জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের নিকট দাখিল করিবে।

(১৭) পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১২ নং আইন) এর ধারা ২২ এর দফা (ছ) এর বিধান অনুসারে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ ও পার্বত্য জেলা পরিষদ নিজ নিজ এলাকার এনজিও এবং সংস্থাসমূহের কার্যাবলির সার্বিক সমন্বয় করিবে।

(১৮) পার্বত্য চট্টগ্রাম এলাকায় পরিচালিত এনজিওসমূহ ফরম-৪ এ পার্বত্য চট্টগ্রাম অঞ্চলিক পরিষদ, পার্বত্য জেলা পরিষদ ও জেলা প্রশাসককে কার্যক্রমের অগ্রগতির মাসিক প্রতিবেদন দাখিল করিবে।

১৫। **হিসাব রক্ষণ ও নিরীক্ষা।—(১)** এনজিও বা ব্যক্তি আন্তর্জাতিক হিসাব মানদণ্ড অনুসারে Cash or Accrual ভিত্তিতে ইলেকট্রনিক বা ম্যানুয়াল পদ্ধতিতে উহার হিসাব সংরক্ষণ করিবে এবং প্রকারভেদে, সংস্থা বা প্রকল্প বৎসর অনুসারে হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।

(২) এনজিওসমূহ সকল প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প/প্রকল্পবর্ষ সমাপ্ত হইবার ৩ (তিন) মাসের মধ্যে ব্যুরোর তালিকাভুক্ত চার্টার্ড একাউন্টেন্ট ফার্ম দ্বারা নিরীক্ষাপূর্বক নিরীক্ষা প্রতিবেদন মহাপরিচালক বরাবর দাখিল করিবে।

(৩) কোনো প্রকল্পের অগ্রগতি ও নিরীক্ষা প্রতিবেদন এবং সর্বপ্রকার ব্যয় ভাউচার প্রকল্প সমাপ্তির ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত সংরক্ষণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, প্রকল্প বন্ধ হইলে বা সংস্থার মাঠ পর্যায়ের কার্যালয়ে উক্ত ভাউচারসমূহ হারিয়ে যাওয়া বা নষ্ট হওয়ার আশংকা থাকিলে উক্ত দলিলাদি সংস্থার প্রধান কার্যালয়ে ৫(পাঁচ) বৎসর পর্যন্ত সংরক্ষণ করিতে হইবে।

(৪) এনজিও বিষয়ক ব্যুরো Bangladesh Chartered Accountant Order, 1973 (President Order No. II of 1973) এর Article 2(1)(b) এ সংজ্ঞায়িত চার্টার্ড একাউন্টেন্ট ফার্মসমূহ (সিএ ফার্ম) হইতে, ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন ২০১৫ (২০১৫ এর ১৬ নং আইন) এর সংশ্লিষ্ট ধারা অনুসরণপূর্বক প্রতি ২ (দুই) বৎসর পর পর সিএ ফার্ম তালিকাভুক্ত করিবে এবং এনজিওসমূহ বা ব্যক্তি উক্ত তালিকাভুক্ত চার্টার্ড একাউন্টেন্ট ফার্ম (সিএ ফার্ম) দ্বারা হিসাব নিরীক্ষার ব্যবস্থা করিবে।

(৫) উপ-বিধি (৪) এর অধীন নিয়োজিত সিএ ফার্ম এফডি-৪ এবং এফডি-৪(১) অনুযায়ী স্বয়ংসম্পূর্ণ অডিট রিপোর্ট ব্যুরোতে দাখিল করিবে এবং সিএ ফার্মসমূহকে আবশ্যিকভাবে ব্যুরো কর্তৃক প্রণীত TOR (Terms of References) অনুসরণপূর্বক ব্যুরোর পক্ষে নিরীক্ষা কার্যক্রম সম্পাদন করিতে হইবে।

(৬) উপ-বিধি (৪)ও (৫) অনুযায়ী নিরীক্ষার যাবতীয় ব্যয় ব্যক্তি বা এনজিওসমূহ নির্দিষ্ট প্রকল্প হইতে নির্বাহ করিবে।

(৭) ৫ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত প্রকল্পের অডিট রিপোর্ট দাখিলের ক্ষেত্রে ডাটা ভেরিফিকেশন সার্টিফিকেট (ডিভিসি) দাখিলের প্রয়োজন হইবে না।

১৬। **প্রতিবেদন।**—(১) এনজিওসমূহ প্রতি প্রকল্প বর্ষ সমাপ্ত হওয়ার ৩ (তিন) মাসের মধ্যে উক্ত বৎসরে সম্পাদিত কার্যাবলির বিবরণ সংবলিত একটি বার্ষিক প্রতিবেদন ফরম-৫ অনুযায়ী মহাপরিচালকের নিকট দাখিল করিবে।

(২) মহাপরিচালক কোনো ব্যক্তি বা এনজিও'র নিকট হইতে কোনো বিষয়ের উপর প্রতিবেদন তলব করিলে, সংশ্লিষ্ট ব্যক্তি বা এনজিও'কে উক্তরূপ তলবের ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে উহা সরবরাহ করিতে হইবে।

(৩) সরকার কোনো ব্যক্তি বা এনজিওকে উহার বার্ষিক প্রতিবেদন দাখিল হইতে অব্যাহতি প্রদান করিলে, উক্ত ব্যক্তি বা এনজিওকে মহাপরিচালকের নিকট একটি ঘোষণাপত্র দাখিল করিতে হইবে এবং উক্ত ঘোষণাপত্রে প্রাপ্ত বৈদেশিক অনুদান, উহার উৎস এবং ব্যবহার সংক্রান্ত তথ্যের উল্লেখ থাকিবে।

১৭। **জাতিসংঘের অঙ্গসংস্থার পার্টনার হিসাবে প্রকল্প বাস্তবায়ন।**—এনজিও বিষয়ক ব্যুরোর নিবন্ধিত কোনো এনজিও'র জাতিসংঘের বিভিন্ন অঙ্গ সংস্থার পার্টনার হিসাবে কোনো প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে ব্যুরোকে অবহিত করিতে হইবে।

১৮। **অপরাধের শাস্তি প্রদান পদ্ধতি।**—(১) কোনো এনজিও বা ব্যক্তি আইনের ধারা ১৪ এ উল্লিখিত কোনো অপরাধ করিলে, মহাপরিচালক আইনের ধারা ১৫ অনুযায়ী সংশ্লিষ্ট এনজিও বা ব্যক্তির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করিবে অথবা আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য উপযুক্ত কর্তৃত্বসম্পন্ন কর্তৃপক্ষকে অবহিত করিবে।

(২) কোনো এনজিও'র বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:—

(ক) এনজিও'র নিবন্ধন কেন বাতিল, স্থগিত বা স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম বন্ধ বা অন্য কোনো শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে না তৎমর্মে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করিতে হইবে;

(খ) দফা (ক) এর অধীন কারণ দর্শানোর নোটিশ প্রাপ্তির ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট এনজিও প্রয়োজনীয় কাগজপত্র ও প্রমাণাদিসহ জবাব প্রদান করিবে:

তবে শর্ত থাকে যে, উক্তরূপ সময়ের মধ্যে জবাব প্রদান সম্ভব না হইলে সংশ্লিষ্ট এনজিও'র আবেদনের পরিপ্রেক্ষিতে মহাপরিচালক সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিন সময় বৃদ্ধি করিতে পারিবেন;

(গ) কারণ দর্শানোর জবাব প্রাপ্তির পর ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে উহা পর্যালোচনান্তে যুক্তিসঙ্গত মনে করিলে, তদন্তক্রমে বা প্রযোজ্য ক্ষেত্রে, ব্যক্তিগত শুনানির সুযোগ প্রদানপূর্বক মহাপরিচালক উপযুক্ত সিদ্ধান্ত প্রদান করিবেন;

(ঘ) কোনো এনজিও দফা (গ) এ উল্লিখিত সিদ্ধান্ত দ্বারা সংক্ষুব্ধ হইলে আইনের ধারা ১৭ অনুযায়ী আপিল করিতে পারিবে এবং আপিল কর্তৃপক্ষ উভয় পক্ষের শুনানী গ্রহণপূর্বক চুড়ান্ত সিদ্ধান্ত প্রদান করিবে।

(৩) আইনের ধারা ১৫ এর উপ-ধারা (১) এর দফা (গ) এর উদ্দেশ্য পূরণকল্পে, বিনা অনুমতিতে কোনো বৈদেশিক অনুদান গ্রহণপূর্বক ব্যবহার করিলে, জরিমানার অর্থ সরকারি দাবি হিসাবে Public Demand Recovery Act, 1913 (Act No. III of 1913) অনুযায়ী আদায়যোগ্য হইবে।

১৯। **সরকার-এনজিও পরামর্শ কাউন্সিল (জিএনসিসি) গঠন পদ্ধতি ও কার্যাবলি।**—আইনের ধারা ১৮ এ বর্ণিত জিএনসিসি গঠনকল্পে নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:—

(১) সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের ৮ (আট) জন প্রতিনিধি মনোনয়নের লক্ষ্যে সভাপতি ব্যুরোর মহাপরিচালকের সাথে পরামর্শক্রমে সংশ্লিষ্ট ৮ (আট)টি মন্ত্রণালয় নির্ধারণ করিবেন;

(২) মহাপরিচালক নির্ধারিত মন্ত্রণালয় হইতে (যুগ্মসচিবের নিম্নে নহেন) প্রতিনিধি মনোনয়নের জন্য পত্র প্রেরণ করিবেন;

(৩) ৮ (আট) জন এনজিও প্রতিনিধি মনোনয়নের লক্ষ্যে এনজিও বিষয়ক ব্যুরো বহুল প্রচলিত একটি বাংলা ও একটি ইংরেজি দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন প্রদানের মাধ্যমে এনজিওসমূহের নিকট হইতে প্রতিনিধি মনোনয়ন আহবান করিবে;

(৪) এনজিও বিষয়ক ব্যুরো প্রাপ্ত তালিকা হইতে ২৪ (চব্বিশ) জনের একটি সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করিবে এবং সভাপতি উক্ত তালিকা হইতে কমপক্ষে ২ (দুই) জন নারী প্রতিনিধিসহ ৮ (আট) জন এনজিও প্রতিনিধি চূড়ান্ত করিবেন;

(৫) এনজিও প্রতিনিধিগণের যোগ্যতা হইবে নিম্নরূপ, যথা:—

(ক) এনজিও বা উন্নয়ন সেক্টরে ১৫ (পনেরো) বৎসরের কাজ করার অভিজ্ঞতা; এবং

(খ) সংশ্লিষ্ট সংস্থার নীতি নির্ধারণী পর্যায়ে কাজের অভিজ্ঞতাসহ স্নাতক ডিগ্রিধারী হইতে হইবে;

(৬) সরকার ও এনজিওগুলোর মধ্যে সংলাপ, নীতি-পরামর্শ, সরকার ও এনজিও অংশীদারিত্বের সম্প্রসারণ ও সমন্বয় এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের ক্ষেত্রে ভূমিকা পালন করিবে;

(৭) পরিষদ ৩ (তিন) বৎসর মেয়াদে গঠিত হইবে এবং ব্যুরোর একজন কর্মকর্তা এই পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করিবে;

(৮) মহাপরিচালক সভাপতির অনুমতিক্রমে সভা আহবান করিবেন;

(৯) বৎসরে অন্যূন ২ (দুই)টি সভা অনুষ্ঠান করিতে হইবে;

(১০) ঐকমত্যের ভিত্তিতে সুপারিশ প্রণয়ন করিতে হইবে;

(১১) কার্যবিবরণীতে বর্ণিত সুপারিশ বাস্তবায়নের লক্ষ্যে ব্যুরো প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবে;

(১২) জিএনসিসি প্রয়োজনে বিষয়ভিত্তিক সাব-কমিটি গঠন করিতে পারিবে।

২০। **রহিতকরণ ও হেফাজত।**—(১) ১২ ডিসেম্বর, ১৯৭৮ তারিখে জারীকৃত বিদ্যমান The Foreign Donations (Voluntary Activities) Regulation Rules, 1978, অত:পর Rules বলিয়া উল্লিখিত, এবং প্রধান উপদেষ্টার কার্যালয় এর পরিপত্র নং-03.09.2690.070.22.018. 18(অংশ-১)-৫৬,তারিখ-27/০2/2025,অত:পর পরিপত্র বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইলো।

(২) উপ-বিধি (১) এর অধীন উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও উক্ত Rules এবং পরিপত্র এর অধীন—

(ক) কৃত কোনো কাজকর্ম বা জারীকৃত কোনো আদেশ, বিজ্ঞপ্তি বা প্রদত্ত কোনো নোটিশ বা দায়েরকৃত কোনো অভিযোগ বা দাখিলকৃত কোনো দরখাস্ত এই বিধিমালার সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, এই বিধিমালার অধীন কৃত, জারীকৃত, প্রদত্ত, দায়েরকৃত এবং দাখিলকৃত হইয়াছে মর্মে গণ্য হইবে; এবং

(খ) কোনো কার্যক্রম চলমান থাকিলে এই বিধিমালার নির্দেশাবলির সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে উহা এইরূপে চলমান ও অব্যাহত থাকিবে যেন উহা এই বিধিমালার অধীন গৃহীত হইয়াছে।

২১। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ।**—(১) এই বিধিমালা প্রবর্তনের পর, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা এই বিধিমালার ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।

(২) বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

**তফসিল**

**তফসিল-১**

**(বিধি ৪(১), ৫(১), ৬(১), ৭(১) ও ৮(২) দ্রষ্টব্য )**

নিবন্ধন ফি, নিবন্ধন নবায়ন ফি, এনজিও’র নাম/ গঠনতন্ত্র পরিবর্তন এবং ডুপ্লিকেট নিবন্ধন সনদ ফি

| ক্রমিক নং | বিষয় | ফি'র পরিমাণ (টাকায়) |
|---|---|---|
| **(১)** | **(২)** | **(৩)** |
| ১। | এনজিও’র নিবন্ধন ফি | ক) দেশি-৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা<br>খ) বিদেশি-৯,০০০ (নয় হাজার) ইউএস ডলারের সমপরিমাণ টাকা |
| ২। | এনজিও’র নিবন্ধন নবায়ন ফি | ক) দেশি-৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা<br>খ) বিদেশি-৬,০০০ (ছয় হাজার) ইউএস ডলারের সমপরিমাণ টাকা |
| ৩। | এনজিও’র নাম পরিবর্তন/ ডুপ্লিকেট নিবন্ধন সনদ/ গঠনতন্ত্র পরিবর্তন ফি | ক) নাম পরিবর্তন-২৬,০০০/-(ছাব্বিশ হাজার) টাকা<br>খ) ডুপ্লিকেট নিবন্ধন সনদ ফি- ১৩,০০০/- টাকা<br>গ) গঠনতন্ত্র পরিবর্তন/সংশোধন/সংযোজন/বিয়োজন ফি- ১৩,০০০/-(তের হাজার) টাকা। |

বিঃ দ্রঃ সকল ফি'র ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত ভ্যাট (প্রযোজ্য ক্ষেত্রে বকেয়াসহ) প্রযোজ্য হবে ।

**তফসিল -২**
**(বিধি ৪(১) দ্রষ্টব্য)**

**২.১ বৈদেশিক অনুদান গ্রহণক্রমে স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম পরিচালনার জন্য নিবন্ধনের আবেদনপত্রের সাথে প্রযোজ্য কাগজপত্র এবং তথ্যাদি (দেশি এনজিও'র ক্ষেত্রে)**

| | | | |
|---|---|---|---|
| (ক) | পূরণকৃত এফডি-১ ফরম | : | ৯ কপি |
| (খ) | ফরম-৮ অনুযায়ী সংস্থার কার্যনির্বাহী কমিটির সদস্যদের তালিকা | : | ৬ কপি |
| (গ) | নির্বাহী কমিটির সদস্যদের পাসপোর্ট সাইজের ছবি ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি | : | ৬ কপি |
| (ঘ) | প্রাথমিক নিবন্ধনকারী কর্তৃপক্ষের অনুমোদিত নির্বাহী কমিটির তালিকা ও নিবন্ধন সনদপত্রের সত্যায়িত অনুলিপি | : | ৬ কপি |
| (ঙ) | গঠনতন্ত্রের (প্রাথমিক নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত) সত্যায়িত অনুলিপি | : | ৬ কপি |
| (চ) | সংস্থার কার্যক্রম প্রতিবেদন | : | ৬ কপি |
| (ছ) | প্ল্যান অব অপারেশন (কর্ম পদ্ধতি, অর্গানোগ্রাম, সভাপতি কর্তৃক স্বাক্ষরিত) | : | ৬ কপি |
| (জ) | দাতা সংস্হার প্রতিশ্রুতিপত্র (সংস্থা প্রধান কর্তৃক সত্যায়িত) | : | ৬ কপি |
| (ঝ) | কোড নং- ১-০৩২৩-০০০০-১৮৩৬-এ তফসিল-১ এ নির্ধারিত ফি জমা প্রদান করে (ট্রেজারি চালানের মূল কপি) | : | ৬ কপি |
| (ঞ) | প্রদেয় ফি এর উপর জাতীয় রাজস্ব বোর্ডের নির্ধারিত কোড নং- ১-১১৩৩-০০৩৫-০৩১১ এ ১৫% বা জাতীয় রাজস্ব বোর্ড নির্ধারিত সর্বশেষ সার্কুলার অনুযায়ী ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান করে ট্রেজারি চালানের মূলকপি | : | ৬ কপি |
| (ট) | সংস্থার নির্বাহী কমিটি গঠন সংক্রান্ত সাধারণ সভার কার্যবিবরণীর সত্যায়িত অনুলিপি (উপস্থিত সাধারণ সদস্যদের উপস্থিতির স্বাক্ষরিত তালিকা) ; | : | ৬ কপি |
| (ঠ) | সংস্থার সাধারণ সদস্যদের নামের তালিকা (প্রত্যেক সদস্যের স্বাক্ষরসহ নাম, পিতা/মাতা, স্বামী/স্ত্রী'র নাম ও ঠিকানা, জাতীয় পরিচয়পত্র নম্বর | : | ৬ কপি। |

**২.২ বৈদেশিক অনুদান গ্রহণক্রমে স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম পরিচালনার জন্য নিবন্ধনের আবেদনপত্রের সাথে সংযুক্ত প্রযোজ্য কাগজপত্র এবং তথ্যাদি (বিদেশি এনজিও'র ক্ষেত্রে)**

Foreign Donations (Voluntary Activities) Regulations :Act, 2016

| | | | |
|---|---|---|---|
